

নিরাপদ শুঁটকি বার্তা

প্রচারে:
সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)
কোস্ট ফাউন্ডেশন।

১৮তম সংস্করণ
জানুয়ারী '২০২৩

উদ্ভাবন

ও

প্রযুক্তির

মাধ্যমে

শুঁটকি মাছ

প্রক্রিয়াজাতকরণ

শিল্পের

প্রসার।

কোস্ট ফাউন্ডেশন এসইপি প্রকল্প এর মাধ্যমে কক্সবাজারের নাজিরারটেকে সর্বপ্রথম শুঁটকি কেন্দ্রিক ইকো-ট্যুরিজম ফ্যাসিলিটি স্থাপন করা হয়েছে। ছবি: সিদ্দিকী, তারিখ: ২০/১২/২০২২

কোস্ট ফাউন্ডেশনের অধীনে পিকেএসএফের আর্থিক সহযোগিতায় বাংলাদেশের সর্ববৃহৎ শুঁটকিপল্লী কক্সবাজারের নাজিরারটেকে পরিবেশবান্ধব প্রযুক্তির সাহায্যে নিরাপদ শুঁটকি উৎপাদন প্রকল্পের (SEP) বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে যার মধ্যে উল্লেখযোগ্য হলো শুঁটকি কেন্দ্রিক ইকো-ট্যুরিজম ফ্যাসিলিটি এর মাধ্যমে কক্সবাজারে আগত পর্যটকদেরকে শুঁটকিপল্লীতে এসে নিরাপদ শুঁটকি ক্রয়ের পাশাপাশি নিরাপদ শুঁটকি উৎপাদন প্রক্রিয়া পরিদর্শন করা এবং পর্যটকরা ইকো-ট্যুরিজম ফ্যাসিলিটিতে তৈরি করা শুঁটকির বিভিন্ন ধরনের রেসিপি থেকে স্বাদ নিতে পারবেন।

এছাড়াও, পরিবারের সদস্যসহ আগত পর্যটকরা এই মনোরম ও প্রাকৃতিক পরিবেশে অবসর সময় কাটানোর সাথে সাথে ট্রেডিশনাল শুঁটকি উৎপাদন এবং ফিশ ড্রায়ার ও মাঁচা প্রযুক্তি ব্যবহার করে নিরাপদ শুঁটকি উৎপাদন প্রক্রিয়া দেখতে পারবেন।

নাজিরারটেকের নিরাপদ শুঁটকিকে আরো প্রমোট করার জন্য এটি কক্সবাজারের পর্যটন খাতে নতুন মাত্রা যোগ করবে। এটিই কক্সবাজারের মধ্যে সর্বপ্রথম শুঁটকি কেন্দ্রিক ইকো-ট্যুরিজম।

উদ্যোক্তা কলাম



গুঁটকিপল্লীতে উৎপাদিত গুঁটকি ও মাছের প্রক্রিয়াজাতকরণের সময় উঁচ্ছষ্ট বর্জ্য সমূহ(ফেলে দেয়া অংশ-নাড়িভুড়ি, মাথা, আইশ ইত্যাদি) শুকিয়ে প্রক্রিয়াজাত করে নির্দিষ্ট উপাদান মিশ্রিত করে ফিড মিলের মাধ্যমে মাছ ও মুরগীর সম্পূরক খাদ্য তৈরী করা হচ্ছে। এর মাধ্যমে মাছের বর্জ্য যেখানে সেখানে ফেলে দেয়ার ফলে যে দূষণ হচ্ছে তা বহুলাংশে হ্রাস পেয়েছে এবং পাশাপাশি উক্ত বর্জ্য প্রক্রিয়াজাতকরণের ফলে নতুন উদ্যোক্তা তৈরী ও কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।
ছবি: সিদ্দিকী, তারিখ: ২২.১২.২০২২



গুঁটকি খলার মহিলা ও পুরুষ শ্রমিকগণ নিজেদের নিরাপত্তার জন্য কর্মক্ষেত্রে রোদ্দুটিপি, হ্যান্ডগ্লোভস এবং মাস্ক ব্যবহার করেন। এসইপি প্রকল্পের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে জানতে

পেরে গুঁটকি খলার মালিক, শ্রমিকসহ সকলে কর্মক্ষেত্রে নিজেদের নিরাপত্তার বিষয়ে সচেতন হওয়ার মাধ্যমে এসব নিরাপত্তা সামগ্রী ব্যবহার করেন।
ছবি: সিদ্দিকী, তারিখ: ০৫.১২.২০২২



কোস্ট ফাউন্ডেশন এসইপি প্রকল্প “ব্যবসায় উন্নয়ন প্রশিক্ষণ” বিষয়ক একটি দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করেছে। নাজিরারটেকের প্রশিক্ষণে মোট ৩০জন ব্যবসায়ী ও গুঁটকি কাজে সংশ্লিষ্ট উদ্যোক্তারা অংশগ্রহণ করেন। এসইপি প্রকল্পের কর্মীরা প্রশিক্ষণে আলোচনা করেছেন কিভাবে ব্যবসায় উন্নয়ন করা যায় এবং কিভাবে বিক্রি বাড়ানো যায়সহ কক্সবাজারে আগত পর্যটকদের মধ্যে নিরাপদ গুঁটকি সম্পর্কে সচেতনতা তৈরিসহ অনলাইনে ব্যবসার বিভিন্ন উপায় ও কৌশল নিয়ে আলোচনা করা হয়। অংশগ্রহণকারীরা ব্যবসায় নিয়ে চ্যালেঞ্জ ও বিভিন্ন ব্যবসায়িক ধারণা নিয়ে তাদের অভিজ্ঞতা শেয়ার করেন।

ছবি: সিদ্দিকী, তারিখ: ২৮.১২.২০২২



কোস্ট ফাউন্ডেশন এসইপি প্রকল্প কক্সবাজারের নাজিরারটেকে পরিবেশ সংরক্ষণে সচেতনতা বিষয়ক বিভিন্ন পরিবেশ বিষয়ক প্রাকটিস সমূহ স্টিকার এর মাধ্যমে গুঁটকি খলা ও গুঁটকিপল্লীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসহ উদ্যোক্তাদের গুঁটকি আউটলেটে প্রচারণা করা হয়। পরিবেশ বিষয়ক প্রাকটিসসমূহের মধ্যে গুঁটকি উৎপাদনে নিরাপদ পানি ব্যবহার করা, কর্মক্ষেত্রে প্রাথমিক চিকিৎসা সামগ্রীর ব্যবহার, কর্মক্ষেত্রে ধূমপান পরিহার করণ, বর্জ্যদানীতে বর্জ্য ফেলুন, প্লাস্টিক পণ্য/পলিথিন বর্জন করণ ইত্যাদি।

ছবি: সিদ্দিকী, তারিখ: ১৮/১২/২০২২

ওয়েবসাইট

www.coastbd.net

www.safedryfishbd.com

তানজিরা খাতুন

প্রজেক্ট ম্যানেজার, এসইপি

+৮৮০ ১০১০-৭৯৮৯১৪



ইমেইল

tanzira@coastbd.net

বিশেষ দৃষ্টব্য: ব্যবহৃত ছবিসমূহ অংশগ্রহণকারীর সম্মতিক্রমে নেয়া হয়েছে এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য নয়।